Times Today BD

অভিজিৎ মজুমদার | রাজশাহী | 01 May, 2025

আজ বৃহস্পতিবার (১ মে) বেলা ১১টার দিকে নাটোর শহরের আলাইপুরে জেলা বিএনপির কার্যালয় থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কানাইখালী এলাকায় গিয়ে শেষ হয়। পরে সেখানে আয়োজিত হয় এক শ্রমিক সমাবেশ।

শ্রমিক সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিএনপির কেন্দ্রীয় নেতা ও সাবেক মন্ত্রী অ্যাডভোকেট এম রুহুল কুদ্দুস তালুকদার দুলু।তিনি বলেন, “শ্রমিকদের রক্তের বিনিময়েই আমরা গণতন্ত্র ওস্বাধীনতা পেয়েছি।আজ আমরা স্বাধীনভাবে কথা বলতে পারছি তাদের আত্মত্যাগের কারণেই।”

তিনি আরও বলেন, “গত ৫ আগস্ট স্বৈরাচার শেখ হাসিনার পতনের আন্দোলনে নাটোরের তিন গার্মেন্টস শ্রমিক সোহেল, রমজান ও হৃদয় ঢাকায় অংশ নেন।কিন্তু ফ্যাসিবাদী সরকার তাদের হত্যা করে।আজ তাদের রক্তের বিনিময়ে আমরা কথা বলার সাহস পাচ্ছি।”

বক্তব্যে তিনি দাবি করেন, “দীর্ঘ ১৫ বছর নাটোরে মে দিবস পালিত হয়নি।এবার শ্রমিকদের আন্দোলনের মাধ্যমেই এশাদের পতন ঘটেছে। যারা শ্রমিকদের গুলি করে হত্যা করেছে, তাদের বিচার করে ফাঁসি কার্যকর করতে হবে।”

আওয়ামী লীগ নেতাকর্মীদের উদ্দেশে দুলু বলেন, “তাদের গ্রামে মহল্লায় ঘোরাঘুরি করতে দেখা যাচ্ছে।যদি পুলিশ ব্যবস্থা না নেয়, তবে জনগণই তাদের গণধোলাই দেবে।”

সভায় সভাপতিত্ব করেন জেলা শ্রমিক দলের সভাপতি আবু রায়হান বুলু।এছাড়া বক্তব্য রাখেন নাটোর জেলা বিএনপির আহ্বায়ক রহিম নেওয়াজ, সদস্য সচিব আসাদুজ্জামান আসাদ, যুগ্ম আহ্বায়ক জিল্লুর রহমান বাবুল চৌধুরী, মো. সাইফুল ইসলাম আফতাব, মোস্তাফিজুর রহমান শাহিন, সাবেক মেয়র কাজী শাহ আলম, জেলা যুবদলের সভাপতি এ হাই তালুকদার ডালিম প্রমুখ।

মে দিবস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:14

URL: https://timestodaybd.com/public/rajshahi/7758071728